গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর

এবং

সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়- এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২১ - ৩০ জুন, ২০২২

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা নং
কর্মসম্পাদনের সার্বিক চিত্র	০৩
প্রস্তাবনা	০৪
সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি	০৫
সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব	০৬
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	০৭
সংযোজনী ১: শব্দসংক্ষেপ	০৯
সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি	১০
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	১১
সংযোজনী ৪: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২	১২
সংযোজনী ৫: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২১-২২	১৫
সংযোজনী ৬: অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২১-২০২২	১৬
সংযোজনী ৭: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২১-২০২২	১৭
সংযোজনী ৮: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২১-২২	১৮

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ :
২০১৭-১৮ হতে ২০১৯-২০ পর্যন্ত ৩(তিন) অর্থবছরে মোট ৭,৬৮৩ টি সরকারি-বেসরকারি স্কুল, কলেজ, মাদরাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে পরিদর্শন, নিরীক্ষা ও তদন্ত কার্যক্রম পরিচালনা করা হয়েছে। পরিদর্শিত এসব শিক্ষা প্রতিষ্ঠানের বিগত বর্ণিত ৩ অর্থ বছরে মোট ৩৯১৪ টি শিক্ষা প্রতিষ্ঠানের পরিদর্শন/তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়েছে। দাখিলকৃত পরিদর্শন/তদন্ত প্রতিবেদনে উক্ত ৩ অর্থ বছরে মোট ৮৪,৭১,৭৭,৯৬৪/- (চুরাশি কোটি একাত্তর লক্ষ সাতাত্তর হাজার নয়শত চৌষট্টি) টাকার আর্থিক অনিয়ম চিহ্নিত করে এ অর্থ সরকারি কোষাগারে ফেরতের সুপারিশ করা হয়েছে।

সমস্যা ও চ্যালেঞ্জসমূহ :
এ অধিদপ্তর প্রতিষ্ঠা লগ্নে ১৯৮০ সালে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ছিল প্রায় ৭,৫০০ টি। বর্তমানে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা প্রায় ৩৭,০০০ টি (স্কুল, কলেজ, মাদরাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান)। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ৪/৫ গুণ বৃদ্ধি পেলেও এ অধিদপ্তরের জনবল বৃদ্ধি না পাওয়ায় এবং কর্মকর্তাদের অনুমোদিত ১১টি ও কর্মচারীদের ৭০টি পদ শূণ্য থাকায় A.P.A এর চুক্তি অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করতে কষ্টসাধ্য হয়। কর্মচারীদেন অনুমোদিত ৪৯টি শূণ্য পদ পূরণের প্রক্রিয়াধীন আছে। কর্মকর্তাদের শূণ্য পদ পূরণের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় হতে পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। এছাড়া শিক্ষা প্রতিষ্ঠান বৃদ্ধি অনুযায়ী অধিদপ্তরের জনবলও বৃদ্ধি করা প্রয়োজন। অধিদপ্তরের নিজস্ব অফিস ভবন না থাকায় পৃথক দুইটি ভবনে দাপ্তরিক কাজ পরিচালনার ক্ষেত্রে নানাবিধ সমস্যার সৃষ্টি হয়। যা কাজের গতিশীলতার ক্ষেত্রে এটি একটি বড় চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনা :
আগামী ২০২২-২৩, ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরে যথাক্রমে ২,২০০ টি, ২,৩০০ টি ও ২,৪০০ টিসহ মোট ৬,৯০০ টি সরকারি-বেসরকারি স্কুল, কলেজ, মাদরাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান সরেজমিনে ও অটোমেশন সফটওয়্যারের মাধ্যমে পরিদর্শন, নিরীক্ষা ও তদন্ত কার্যক্রম পরিচালনা করা হবে। পরিদর্শন ও নিরীক্ষা কার্যক্রমে সুষ্ঠু দিক নির্দেশনার ফলে শিক্ষা প্রতিষ্ঠানের প্রশাসনিক ও আর্থিক অনিয়ম শূন্যের কোটায় আনার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

২০২১-২০২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ :

- ২০২১-২০২২ অর্থবছরে মোট ২,১০০ টি সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষা /তদন্ত কার্যক্রম পরিচালনা করা।
- পরিদর্শন/তদন্তের মাধ্যমে বিধি বর্হিভূত/অতিরিক্ত উত্তোলিত অর্থ সরকারি কোষাগারে ফেরতের সুপারিশ করা।
- পরিদর্শন/তদন্তের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/কর্মচারীদের আর্থিক ও প্রশাসনিক বিষয়ে সচেতন করে তোলা।
- পরিদর্শন/তদন্তের মাধ্যমে জাল/ভুয়া সনদধারী শিক্ষক নিয়োগ হ্রাস করা ও এর মাধ্যমে সরকারি অর্থের অপচয় রোধ করা।

প্রস্তাবনা (Preamble)

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর

এবং

সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় - এর মধ্যে ২০২১ সালের জুন মাসের ২১ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

সেকশন ১

রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision): স্বচ্ছ ও জবাবদিহিমূলক মানসম্মত শিক্ষা প্রতিষ্ঠান।

১.২ অভিলক্ষ্য (Mission): শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক, প্রশাসনিক ও আর্থিক স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিতকরণ।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র (সংশ্লিষ্ট অফিস কর্তৃক নির্ধারিত, সর্বোচ্চ ৫টি)

১। সরকারি-বেসরকারি কলেজ পরিদর্শন ও নিরীক্ষার /তদন্তের মাধ্যমে আর্থিক ও প্রশাসনিক অনিয়ম চিহ্নিত করে তা প্রতিকারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা।

২। সরকারি-বেসরকারি স্কুল পরিদর্শন ও নিরীক্ষার /তদন্তের মাধ্যমে আর্থিক ও প্রশাসনিক অনিয়ম চিহ্নিত করে তা প্রতিকারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা।

৩। সরকারি-বেসরকারি মাদরাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষার /তদন্তের মাধ্যমে আর্থিক ও প্রশাসনিক অনিয়ম চিহ্নিত করে তা প্রতিকারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা।

সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত)

১। শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন।
২। ই-গর্ভন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন।
৩। তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন।
৪। অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন।
৫। সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন।

১.৪ কার্যাবলি(আইন/ বিধি দ্বারা নির্ধারিত কার্যাবলি):

১। পরিদর্শনের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানের প্রকৃত অবস্থা যাচাই করা এবং শিক্ষার মান উন্নয়নের জন্য প্রয়োজনীয় সুপারিশ প্রদান করা;
২। পরিদর্শন ও নিরীক্ষা/তদন্তের মাধ্যমে সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রশাসনিক, আর্থিক, বোর্ড অথবা অন্য কোন কর্তৃপক্ষের নিকট সরবরাহকৃত/উপস্থাপিত তথ্য/বিবৃতির সত্যতা যাচাই করা এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা;
৩। সরকারি অনুদান অথবা প্রাপ্ত অর্থের সুষ্ঠু ব্যবহার হচ্ছে কিনা তা পরীক্ষা করে সুপারিশ করা;
৪। সরকারি অনুদান অথবা সাহায্য প্রাপ্তির ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দের শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও উপযুক্ততা যাচাই করে সুপারিশ করা;
৫। স্বীকৃতি, অধিভুক্তি/অনুমতি প্রাপ্তির সময় দেয় শর্তাবলী শিক্ষা প্রতিষ্ঠান পূরণ করতে পেরেছে কিনা তাহা যাচাই করে সুপারিশ করা;
৬। উপযুক্ত কর্তৃপক্ষ অথবা ব্যবস্থাপনা কমিটি কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠানের প্রতি আরোপিত প্রশাসনিক আদেশ এবং নির্দেশসমূহ যথাযথভাবে পালন করা হচ্ছে কিনা তা পরীক্ষা করে সুপারিশ করা;
৭। কোন সুনির্দ্দিষ্ট বিষয়ে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে অভিযোগ তদন্ত করা;
৮। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশক্রমে এর অধীন যে কোন শিক্ষা বা অন্য কোন প্রতিষ্ঠান তদন্ত/পরিদর্শন ও নিরীক্ষা করে সুপারিশ করা;